



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ আগস্ট ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

দেশে অন্তর্বর্তীকালীন সরকার গঠন করতে হবে: ইউপিডিএফ আন্দোলনের কর্মসূচি ঘোষণা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সভাপতি প্রসিত বিকাশ খীসা দেশে চলমান রাজনৈতিক সংকট নিরসনের জন্য অবিলম্বে পদত্যাগ করে অন্তর্বর্তীকালীন সরকার গঠনের দাবি জানিয়েছেন।

আজ শনিবার (৩ আগস্ট ২০২৪) সংবাদ মাধ্যমে প্রদত্ত বিবৃতিতে তিনি বলেন, ‘কোটা সংস্কার আন্দোলন দমনের জন্য শিশুসহ শত শত নিরস্ত্র মানুষকে খুন করার পর এ সরকারের ক্ষমতায় থাকার আর কোন নৈতিক ভিত্তি নেই। তিনি অবিলম্বে সরকারের পদত্যাগ দাবি করেন।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের দাবি ও অসহযোগ আন্দোলনের প্রতি সমর্থন ব্যক্ত করে প্রসিত খীসা বলেন, ‘সমতলে এসব ভয়াবহ হত্যায়ত্ত চালানোর অনেক আগে থেকে এই জালিম সরকার রাষ্ট্রীয় বাহিনীকে ব্যবহার করে পার্বত্য চট্টগ্রামে সেনা শাসন জারি রেখে জনগণের সকল মৌলিক অধিকার হরণ করে এবং বিভিন্ন সন্ত্রাসী গোষ্ঠী সৃষ্টি করে শত শত মানুষকে খুন করেছে।’

তিনি কল্পনা চাকমার অপহরণসহ পাহাড় ও সমতলে সংঘটিত সকল হত্যাকাণ্ডের আন্তর্জাতিক তদন্তের দাবি জানান।

ইউপিডিএফ নেতা পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসন না দিয়ে দেশে প্রকৃত গণতান্ত্রিক ও জনগণের সরকার কায়েম হতে পারে না বলে মন্তব্য করেন।

কর্মসূচি:

ইউপিডিএফ তাদের দাবির সমর্থনে তিন দিনের কর্মসূচি ঘোষণা করেছে।

১) আগামীকাল ৪ আগস্ট ২০২৪ রবিবার: পার্বত্য চট্টগ্রামের সকল জেলা ও উপজেলায় বিক্ষোভ সমাবেশ।

- ২) ৫ আগস্ট ২০২৪ সোমবার: বিভিন্ন এলাকায় রোড মার্চ।
- ৩) ৬ আগস্ট ২০২৪ মঙ্গলবার: সড়ক ও নৌপথ অবরোধ।
- ৪) আগামীকাল থেকে প্রধান ও গুরুত্বপূর্ণ হাট বাজার সকাল থেকে দুপুর ১টা পর্যন্ত খোলা থাকবে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)